

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 06 April, 2025

চট্টগ্রাম নগরীর বন্দর থানার মধ্যম হালিশহর এলাকায় ছুরিকাঘাতে পোশাককর্মী চাঁদনী খাতুন (২২) হত্যার ঘটনায় তার স্বামী মো. সবুজ খন্দকারকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ জানিয়েছে, মূলত পারিবারিক মনোমালিন্যের কারণে পরিকল্পিতভাবে তিনি তার স্ত্রীকে হত্যা করেছেন।

শনিবার (৫ এপ্রিল) দিবাগত রাতে বন্দর থানার ধুমপাড়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। এর আগে, বিকেল ৪টার দিকে একই থানাধীন বাকের আলী টেকের মোড় এলাকায় ওই নারী খুনের শিকার হন।

চাঁদনী খাতুন খুলনা জেলার দাকোপ থানার খাজুরিয়া গ্রামের চাঁনমিয়ার কন্যা। সিইপিজেডের এভারটুবি বাংলাদেশ লিমিটেড নামে একটি কারখানায় তিনি কর্মরত ছিলেন। তার স্বামী সবুজের সাথে দীর্ঘদিন ধরেই মনোমালিন্য চলছিল।

নিহতের পারিবারিক সূত্রে জানা গেছে, চাঁদনীকে তার স্বামী সবুজ প্রায়ই নির্যাতন করতেন। মাদকাসক্ত স্বামীর নির্যাতন সহ্যে না পেয়ে বেশ কিছুদিন আগে তিনি আশ্রয় নেন মামার বাসায়। শনিবার বিকেলে পোশাক কারখানায় কাজ শেষে ফেরার পথে সবুজ তার ওপর এলোপাতাড়ি ছুরি দিয়ে আঘাত করে। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

নগর পুলিশের সহকারী কমিশনার (বন্দর) মাহমুদুল হাসান বলেন, 'বিকালে হত্যার ঘটনার পরপরই আমরা ঘটনাস্থলে যাই। জানতে পারি ওই নারীর স্বামী এ হত্যাকাণ্ড ঘটিয়েছে। আমরা দ্রুতসময়ের মধ্যে তথ্যপ্রযুক্তির সহায়তায় রাতেই সবুজকে গ্রেপ্তার করি।

এক প্রশ্নের জবাবে এই পুলিশ কর্মকর্তা বলেন, 'জিজ্ঞাসাবাদে তিনি হত্যাকাণ্ডের কথা স্বীকার করেছেন। পারিবারিক বিষয় নিয়ে দীর্ঘদিন ধরে তাদের মধ্যে মনোমালিন্য ছিল। তারা একসঙ্গে থাকতেন না। পরিকল্পিতভাবে আজ সে তার স্ত্রীকে হত্যা করেছে। জিজ্ঞাসাবাদ চলছে, বিস্তারিত পরে জানানো হবে।

পুলিশ ছুরিকাঘাত দ্রুত পোশাকশ্রমিক খুন গ্রেপ্তার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:56

URL: <https://timestodaybd.com/chittagong/775807373>